

## প্রাকৃতিক দুর্ঘেস্থি

# চট্টগ্রামসহ তিনি বোর্ডের এইচএসসি পরীক্ষা পেছালো ১০ দিন

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ১১ আগস্ট ২০২৩



প্রাকৃতিক দুর্ঘেস্থির কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষা পিছিয়েছে। নির্ধারিত ১৭ আগস্টের পরিবর্তে আগামী ২৭ আগস্ট পরিক্ষা শুরু হতে যাচ্ছে। এছাড়া সারাদেশে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষাও পিছিয়ে ২৭ আগস্ট থেকে শুরু হবে।

আজ শুক্রবার (১১ আগস্ট) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার গণমাধ্যমকে এ তথ্য জানান। তিনি বলেন, “প্রাকৃতিক দুর্ঘেস্থির কারণে এই তিনি বোর্ডের পরীক্ষা পেছানো হয়েছে।”

গত কয়েক দিনের টানা বৃষ্টি এবং পাহাড়ি ঢলের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান ও খাগড়াছড়িতে ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হয়।

## এতে গত সপ্তাহে তিনদিন ওইসব এলাকার শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখা হয়।

এর আগে গত ৮ আগস্ট চলতি বছরের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি এমন ইঙ্গিত দিয়ে বলেছিলেন, বন্যাসহ প্রাকৃতিক দুর্ঘটনার কারণে সারাদেশে পরীক্ষা বন্ধ বা স্থগিত হবে না। যেসব জেলা বা অঞ্চলে প্রাকৃতিক দুর্ঘটনা হবে কেবল সেসব জেলা বা যে বোর্ডের অধীনে সেই শিক্ষা বোর্ডের পরীক্ষা স্থগিত করা হবে।

এর আগে চলতি বছর এসএসসি পরীক্ষার সময় ঘূর্ণিঝড় মোখার কারণে চট্টগ্রাম, বরিশাল, কুমিল্লা এবং মান্দাসা ও কারিগরি শিক্ষাসহ ৫ শিক্ষা বোর্ডের তিনটি পরীক্ষা স্থগিত করা হয়। আগের সূচির পরীক্ষা শেষে এসব পরীক্ষা নেওয়া হয়।

উল্লেখ, আগামী ১৭ আগস্ট শুরু হচ্ছে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা। এবার পরীক্ষায় অংশগ্রহণ করবে ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন পরীক্ষার্থী। চলতি বছর সব বিষয়ে পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে অনুষ্ঠিত হবে এইচএসসি পরীক্ষা। তবে আইসিটিতে ১০০ নম্বরের পরিবর্তে ৭৫ নম্বরের পরীক্ষা হবে।